গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর (পিআইডি)
আঞ্চলিক তথ্য অফিস, ময়মনসিংহ
সংবাদকক্ষ ঃ ০২-৯৯৬৬৬১৩৬৮, E-mail: pidmymensingh@gmail.com, Facebook: PID MYMENSINGH, Website: pid.mymensinghdiv.gov.bd

সংবাদপত্রের নাম: : দৈনিক স্বদেশ সংবাদ — সংবাদ
প্রকাশনার স্থান : ময়মনসিংহ — সম্পাদকীয়
তারিখ : ০৫.০৩.২০২৪খ্রি. — প্রবন্ধ/চিঠিপত্র

# বীজে অনিয়মের বিরুদ্ধে ব্যবস্থা নিতে ডিসিদের নির্দেশ-কৃষিমন্ত্রী

নিজস্ব বার্তা পরিবেশক : যে সমস্ত বীজের অঙ্কুরোদগম হয় না (চারা গজায় না), সেসব বীজ যিনি বা যারা বাজারে সরবরাহ করবেন তাদের চরম শাস্তির আওতায় আনতে জেলা প্রশাসকদের নির্দেশ দেওয়া হয়েছে বলে জানিয়েছেন কৃষিমন্ত্রী ড. মো. আব্দুস শহীদ। একই সঙ্গে তিনি জানান, রমজান মাসকে সামনে রেখে ঢাকা শহরে কৃষিপণ্যের বাজার খোলা হয়েছে, যাতে মানুষ তাজা সবজি পায়। গতকাল সোমবার সকালে ওসমানী স্মৃতি মিলনায়তনে জেলা প্রশাসক সম্মেলনের দ্বিতীয় দিনের তৃতীয় অধিবেশনে কৃষি, খাদ্য, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের কার্য অধিবেশন শেষে সাংবাদিকদের এসব তথ্য জানান কৃষিমন্ত্রী। জেলা প্রশাসকদের কী নির্দেশনা দেওয়া হয়েছে জানতে চাইলে আব্দুস শহীদ বলেন, কৃষকের ব্যাপারে আমরা অত্যন্ত সজাগ। বাংলাদেশ (২য় পাতায়)

## বীজে অনিয়মের বিরুদ্ধে


(৪র্থ পাতার পর) কৃষিনির্ভর দেশ। আমার জিডিপিও কৃষির ওপর অনেকটা নির্ভরশীল। যে সমস্ত বীজে অঙ্কুরোদগম হয় না, সেসব বীজ যিনি বা যারা বাজারে সরবরাহ করবেন, তার শাস্তি কী আমরা বলে দিয়েছি। চরম শাস্তি হবে। সেজন্য কোনো বীজ যদি অঙ্কুরোদগম না হয়, তাহলে তার শাস্তি পেতেই হবে। এ সব বিষয়ে আজকে ডিসিদের বলা হয়েছে। আমি মনে করি, আপনাদের (সাংবাদিক) যেসমস্ত জানার চাহিদা, আপনারা যেভাবে দেখছেন, এর বাইরে কোনো কিছুই করছি না। তিনি বলেন, ইতোমধ্যে ঢাকা শহরে কৃষিপণ্যের বাজার খোলা হয়েছে। এই রমজান মাসকে সামনে রেখে মানিক মিয়া অ্যাভিনিউ ও অন্যান্য জায়গায় ঘর পেলেই আমরা দোকান খুলে দিচ্ছি। যাতে তাজা সবজি মানুষ নিতে পারে। এবং ন্যায্যমূল্যে ঠিক বলব না, প্রতিযোগিতামূলক মূল্যে, কম দামে যাতে পাওয়া যায়। কারণ পার ক্যাপিটা ইনকাম বেড়েছে, ইকোনোমিক্সের ক্যাপাসিটি বেড়েছে। আমরা যেহেতু এই সমস্ত কিছু অর্জন করেছি, বঙ্গবন্ধুকন্যা জননেত্রী শেখ হাসিনার নেতৃত্বের সরকার বিভিন্ন পদক্ষেপ নেওয়ার কারণে এগুলো হয়েছে। আমরা এলডিসিতে গিয়েছিলাম, সেখানেও দেখেছি, তারা বাংলাদেশের প্রশংসা করেছে। বাজারে দ্রব্যমূল্য কমানোর বিষয়ে ডিসিদের কী নির্দেশনা দেওয়া হয়েছে জানতে চাইলে কৃষিমন্ত্রী বলেন, প্রধানমন্ত্রী বলেছেন, কৃষক বাঁচলে দেশ বাচবে। সেই লক্ষ্যেই আমরা আমাদের কার্যক্রমগুলো পরিচালনা করে আসছি। বাংলাদেশে কোনো অনাবাদি জমি আমরা খালি রাখতে চাই না। যার জন্য ইতোমধ্যে আমরা পদক্ষেপ নিয়েছি। মন্ত্রণালয়ের সচিব মহোদয় একজন কৃষি বিজ্ঞানীও। তিনি বিভিন্ন উদ্যোগ নিয়ে কাজ করে যাচ্ছেন। আমি নিজে বিভিন্ন এলাকা পরিদর্শন করে অনাবাদি জমি যেখানে দেখে এসেছি, বলে এসেছি, এগুলো অনাবাদি রাখা যাবে না। পানি সেচের জন্য বিআরডিসির যে ব্যবস্থা আছে, সেটিকে আরও জোরদার করার পদক্ষেপ নিয়েছি। বিআরডিসির চেয়ারম্যান ইতোমধ্যে সেসব এলাকা মনিটর করে কাজ করে যাচ্ছেন। তিনি বলেন, আমরা আমাদের দেশের মানুষকে বাঁচাবার জন্য বিশেষ করে খাদ্যে যাতে কোনো ধরনের ঝামেলা না হয়, সেজন্য কৃষিপণ্য যেটা উৎপাদন হয়, সেখানে ভেজাল জাতীয় কোনো পণ্য যাতে বাজারে না আসে, তার জন্য বিভিন্ন মনিটরিং ব্যবস্থা আরও জোরদার করেছি। আগেও ছিল, এখনো আছে। আমাদের মন্ত্রণালয়ের কর্মকর্তা যারা আছেন, বিভাগে যারা আছেন এবং ডিজি মহোদয় যারা আছেন, তারা তাদের কাজকে আরও শক্তিশালী করেছেন। আমি নিজেও একজন কৃষক। আমি নিজে কৃষিপণ্য উৎপাদন করতে উপভোগ করি। ডিসিরা কোনো প্রস্তাব দিয়েছে কি না, এমন প্রশ্নের জবাবে কৃষিমন্ত্রী বলেন, আমাদের মন্ত্রণালয়ের আওতায় প্রায় ৪ হাজার কৃষি পরিবার ইতোমধ্যে সুযোগ সুবিধা ভোগ করছে। আর বাকি যেগুলো পাইপলাইনে আছে, সেগুলো ডিসিরা বাস্তবায়ন করছেন। আমি আমার বক্তব্যে জেলা প্রশাসকদের বলেছি, আপনারা প্রত্যেক মাসে একটি সমন্বয় সভা করেন। সেই সমন্বয় সভায় বিভাগীয় ও জেলা পর্যায়ে যেসব কর্মকর্তারা আছেন, তাদের পরামর্শ মন্ত্রণালয়ে পাঠানোর ব্যবস্থা করবেন। আমার মন্ত্রণালয়ে পাঠালে, সেখানে বিলম্বের কোনো অবকাশ নেই। আমাদের মন্ত্রণালয় খুবই সজাগ। গত রোববার প্রধানমন্ত্রীর কার্যালয়ের শাপলা হলে চার দিনব্যাপী জেলা প্রশাসক (ডিসি) সম্মেলন-২০২৪ এর উদ্বোধন করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। প্রধানমন্ত্রীর কার্যালয় সম্পর্কিত কার্য-অধিবেশনে আন্তর্জাতিক বাজারে রপ্তানিযোগ্য পণ্য বহুমুখীকরণ, চামড়াজাত শিল্পের উন্নয়ন ও চামড়া রপ্তানির বিষয়ে গুরুত্ব দেওয়া, রোজার মাস সামনে রেখে তেল, চিনি ও চালের দাম নিয়ন্ত্রণ, প্রকল্প বাস্তবায়নে ভূমি অধিগ্রহণের বিষয়টি দ্রুত নিষ্পত্তি করা এবং সর্বজনীন পেনশন স্কিম বাস্তবায়ন ত্বরান্বিত করার বিষয়ে আলোচনা হয়েছে বলে মন্ত্রিপরিষদ বিভাগ থেকে জানানো হয়েছে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর (পিআইডি)
আঞ্চলিক তথ্য অফিস, ময়মনসিংহ
সংবাদকক্ষ ঃ ০২-৯৯৬৬৬১৩৬৮, E-mail: pidmymensingh@gmail.com, Facebook: PID MYMENSINGH, Website: pid.mymensinghdiv.gov.bd

সংবাদপত্রের নাম: : দৈনিক স্বজন
প্রকাশনার স্থান : ময়মনসিংহ
তারিখ : ০৫.০৩.২০২৪খ্রি.

সংবাদ
সম্পাদকীয়
প্রবন্ধ/চিঠিপত্র

# বিভাগীয় পর্যায়ে ময়মনসিংহে আন্তঃ পিটিআই সাংস্কৃতিক প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণ



স্টাফ রিপোর্টার ঃ ময়মনসিংহে বিভাগীয় পর্যায়ে আন্তঃ পিটিআই সাংস্কৃতিক প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়। এ সময়ে ময়মনসিংহ বিভাগের ৪ জেলা পিটিআই এর, বিভিন্ন ক্যাটাগরিতে সাংস্কৃতিক প্রতিযোগিতায় অংশগ্রহণকারী ৩৮ জন প্রতিযোগীর মধ্যে পুরস্কার বিতরণ করা হয়। পুরস্কারপ্রাপ্ত প্রতিযোগীদের মধ্য থেকে ১০ জন প্রতিযোগী জাতীয় পর্যায়ে অংশগ্রহণ করবেন।

সোমবার (৪ মার্চ) বিভাগীয় উপপরিচালক কার্যালয়, প্রাথমিক শিক্ষা, ময়মনসিংহ বিভাগ এর আয়োজনে ময়মনসিংহ পিটিআই এর সম্মেলন কক্ষে এ সাংস্কৃতিক প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়। ময়মনসিংহ বিভাগ, প্রাথমিক শিক্ষা, বিভাগীয় উপপরিচালক মোহাম্মদ আলী রেজা এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি এর মহাপরিচালক ফরিদ আহমদ। এছাড়াও বিভাগীয় প্রাথমিক শিক্ষা এর সহকারী পরিচালক তাহমিনা খাতুন, ময়মনসিংহ পিটিআই সুপারিনটেনডেন্ট জাহানারা খাতুন, জামালপুর পিটিআই সুপারিনটেনডেন্ট হোসনেয়ারা বেগম, নেত্রকোনা পিটিআই সুপারিনটেনডেন্ট মোহাম্মদ শাহজাহান কবীর, শেরপুর

(২য় পাতায় ৭ম কলাম দেখুন)

## বিভাগীয় পর্যায়ে ময়মনসিংহে আন্তঃ পিটিআই

(১ম পাতার পর) পিটিআই সুপারিনটেনডেন্ট লিপিকা মজুমদারসহ ৪ জেলার পিটিআই প্রশিক্ষণার্থী সহকারী শিক্ষকবৃন্দগন এ সাংস্কৃতিক ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

বিভাগীয় উপপরিচালক মোহাম্মদ আলী রেজা বলেন, প্রতিযোগিতায় অংশগ্রহণ করা প্রত্যেক প্রতিযোগী কোন না কোন প্রতিভার অধিকারী। আপনাদের এ প্রতিভা নিজেদের কর্মক্ষেত্রে এগিয়ে নিয়ে যেতে সাহায্য করবে। এখান থেকে যারা জাতীয় পর্যায়ে যাবেন, জাতীয় পর্যায়েও এ বিভাগের সম্মান ধরে রাখবেন বলে আশা ব্যক্ত করেন ।

জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমী এর মহাপরিচালক ফরিদ আহমদ বলেন, প্রাথমিক বিদ্যালয় পর্যায়ে শিক্ষার্থীদের পড়াশোনা করানো অনেক কঠিন কাজ। তবে এই কঠিন কাজটি আপনারা খুব ধৈর্যের সাথে পালন করে যাচ্ছেন। প্রতিযোগীদের উদ্দেশ্যে তিনি আরো বলেন, ময়মনসিংহ একটি ইতিহাস ও ঐতিহ্যের অঞ্চল। আমি আশা করি জাতীয় পর্যায়ে যারা অংশগ্রহণ করতে যাচ্ছেন, অবশ্যই তারা ভালো কিছু করবেন।

অনুষ্ঠানের শেষ পর্যায়ে বিজয়ী প্রতিযোগীগন প্রধান অতিথির কাছ থেকে পুরস্কার গ্রহণ করেন এবং অনুষ্ঠানটি সঞ্চালনার দায়িত্বে ছিলেন সহকারী শিক্ষা অফিসার মোহাম্মদ জাহিদুর রহমান।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর (পিআইডি)
আঞ্চলিক তথ্য অফিস, ময়মনসিংহ
সংবাদকক্ষ ঃ ০২-৯৯৬৬৬১৩৬৮, E-mail: pidmymensingh@gmail.com, Facebook: PID MYMENSINGH, Website: pid.mymensinghdiv.gov.bd

সংবাদপত্রের নাম : দৈনিক আজকের বাংলাদেশ
প্রকাশনার স্থান : ময়মনসিংহ
তারিখ : ০৫.০৩.২০২৪ খ্রি.

সংবাদ
সম্পাদকীয়
নিবন্ধ/প্রবন্ধ/চিঠিপত্র

# বিভাগীয় পর্যায়ে ময়মনসিংহে আন্তঃ পিটিআই সাংস্কৃতিক প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণ



ময়মনসিংহে বিভাগীয় পর্যায়ে আন্তঃ পিটিআই সাংস্কৃতিক প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়। এ সময়ে ময়মনসিংহ বিভাগের ৪ জেলা পিটিআই এর, বিভিন্ন ক্যাটাগরিতে সাংস্কৃতিক প্রতিযোগিতায় অংশগ্রহণকারী ৩৮ জন প্রতিযোগীর মধ্যে পুরস্কার বিতরণ করা হয়। পুরস্কারপ্রাপ্ত প্রতিযোগীদের মধ্য থেকে ১০ জন প্রতিযোগী জাতীয় পর্যায়ে অংশগ্রহণ করবেন।সোমবার (৪ মার্চ) বিভাগীয় উপপরিচালক কার্যালয়, প্রাথমিক শিক্ষা, ময়মনসিংহ বিভাগ এর আয়োজনে ময়মনসিংহ পিটিআই এর সম্মেলন কক্ষে এ সাংস্কৃতিক প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়।ময়মনসিংহ বিভাগ, প্রাথমিক শিক্ষা, বিভাগীয় উপপরিচালক মোহাম্মদ আলী রেজা এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি এর মহাপরিচালক ফরিদ আহমদ। এছাড়াও বিভাগীয় প্রাথমিক শিক্ষা এর সহকারী পরিচালক তাহমিনা খাতুন, ময়মনসিংহ পিটিআই সুপারিনটেনডেন্ট জাহানারা খাতুন, জামালপুর পিটিআই সুপারিনটেনডেন্ট হোসনেয়ারা বেগম, নেত্রকোনা পিটিআই সুপারিনটেনডেন্ট মোহাম্মদ শাহজাহান কবীর, শেরপুর পিটিআই সুপারিনটেনডেন্ট লিপিকা মজুমদারসহ ৪ জেলার পিটিআই প্রশিক্ষণার্থী সহকারী শিক্ষকবৃন্দগন এ সাংস্কৃতিক ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।বিভাগীয় উপপরিচালক মোহাম্মদ আলী রেজা বলেন, প্রতিযোগিতায় অংশগ্রহণ করা প্রত্যেক প্রতিযোগী কোন না কোন প্রতিভার অধিকারী। আপনাদের এ প্রতিভা নিজেদের কর্মক্ষেত্রে এগিয়ে নিয়ে যেতে সাহায্য করবে। এখান থেকে যারা জাতীয় পর্যায়ে যাবেন, জাতীয় পর্যায়েও এ বিভাগের সম্মান ধরে রাখবেন বলে আশা ব্যক্ত করেন।জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমী এর মহাপরিচালক ফরিদ আহমদ বলেন, প্রাথমিক বিদ্যালয় পর্যায়ে শিক্ষার্থীদের পড়াশোনা করানো অনেক কঠিন কাজ। তবে এই কঠিন কাজটি আপনারা খুব ধৈর্য্যের সাথে পালন করে যাচ্ছেন।প্রতিযোগীদের উদ্দেশ্যে তিনি আরো বলেন, ময়মনসিংহ একটি ইতিহাস ও ঐতিহ্যের অঞ্চল। আমি আশা করি জাতীয় পর্যায়ে যারা অংশগ্রহণ করতে যাচ্ছেন, অবশ্যই তারা ভালো কিছু করবেন।অনুষ্ঠানের শেষ পর্যায়ে বিজয়ী প্রতিযোগীগন প্রধান অতিথির কাছ থেকে পুরস্কার গ্রহণ করেন এবং অনুষ্ঠানটি সঞ্চালনার দায়িত্বে ছিলেন সহকারী শিক্ষা অফিসার মোহাম্মদ জাহিদুর রহমান। (পিআইডি,ময়মনসিংহ)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর (পিআইডি)
আঞ্চলিক তথ্য অফিস, ময়মনসিংহ
সংবাদকক্ষ ঃ ০২-৯৯৬৬১৩৬৮, E-mail: pidmymensingh@gmail.com, Facebook: PID MYMENSINGH, Website: pid.mymensinghdiv.gov.bd

সংবাদপত্রের নাম: : দৈনিক স্বদেশ সংবাদ
প্রকাশনার স্থান : ময়মনসিংহ
তারিখ : ০৫.০৩.২০২৪খ্রি.

সংবাদ
সম্পাদকীয়
প্রবন্ধ/চিঠিপত্র

# ময়মনসিংহ বিভাগীয় পর্যায়ে আন্তঃ পিটিআই সাংস্কৃতিক প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণ



গতকাল সোমবার ময়মনসিংহ পিটিআই এর সম্মেলন কক্ষে বিভাগীয় সাংস্কৃতিক প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণ অনুষ্ঠানে বক্তব্য রাখছেন জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমীর মহা পরিচালক ফরিদ আহমদ ।

স্টাফ রিপোর্টার ঃ ময়মনসিংহে বিভাগীয় পর্যায়ে আন্তঃ পিটিআই সাংস্কৃতিক প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণ করা হয়েছে। গতকাল সোমবার (৪ মার্চ) বিভাগীয় উপ-পরিচালক কার্যালয়, প্রাথমিক শিক্ষা, ময়মনসিংহ বিভাগ এর আয়োজনে ময়মনসিংহ পিটিআই এর সম্মেলন কক্ষে এ সাংস্কৃতিক প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণ অনুষ্ঠিত হয়। ময়মনসিংহ বিভাগের ৪ জেলা পিটিআই এর বিভিন্ন ক্যাটাগরিতে সাংস্কৃতিক প্রতিযোগিতায় অংশগ্রহণকারী ৩৮ জন প্রতিযোগীর মধ্যে পুরস্কার বিতরণ করা হয়। পুরস্কারপ্রাপ্ত প্রতিযোগীদের মধ্য থেকে ১০ জন প্রতিযোগী জাতীয় পর্যায়ে অংশগ্রহণ করবেন ।

প্রাথমিক শিক্ষা, বিভাগীয় উপ-পরিচালক মোহাম্মদ আলী রেজা এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি এর মহাপরিচালক ফরিদ আহমদ। এছাড়াও বিভাগীয় প্রাথমিক শিক্ষা এর সহকারী পরিচালক তাহমিনা খাতুন, ময়মনসিংহ (২য় পাতায়)

## ময়মনসিংহ বিভাগীয় পর্যায়ে

(৪র্থ পাতার পর) পিটিআই সুপারিনটেনডেন্ট জাহানারা খাতুন, জামালপুর পিটিআই সুপারিনটেনডেন্ট হোসনেয়ারা বেগম, নেত্রকোনা পিটিআই সুপারিনটেনডেন্ট মোহাম্মদ শাহজাহান কবীর, শেরপুর পিটিআই সুপারিনটেনডেন্ট লিপিকা মজুমদারসহ ৪ জেলার পিটিআই প্রশিক্ষণার্থী সহকারী শিক্ষকবৃন্দগন এ সাংস্কৃতিক ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ।

বিভাগীয় উপ-পরিচালক মোহাম্মদ আলী রেজা বলেন, প্রতিযোগিতায় অংশগ্রহণ করা প্রত্যেক প্রতিযোগী কোন না কোন প্রতিভার অধিকারী । আপনাদের এ প্রতিভা নিজেদের কর্মক্ষেত্রে এগিয়ে নিয়ে যেতে সাহায্য করবে । এখান থেকে যারা জাতীয় পর্যায়ে যাবেন, জাতীয় পর্যায়েও এ বিভাগের সম্মান ধরে রাখবেন বলে আশা ব্যক্ত করেন ।


জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমী এর মহাপরিচালক ফরিদ আহমদ বলেন, প্রাথমিক বিদ্যালয় পর্যায়ে শিক্ষার্থীদের পড়াশোনা করানো অনেক কঠিন কাজ । তবে এই কঠিন কাজটি আপনারা খুব ধৈর্যের সাথে পালন করে যাচ্ছেন । প্রতিযোগীদের উদ্দেশ্যে তিনি আরো বলেন, ময়মনসিংহ একটি ইতিহাস ও ঐতিহ্যের অঞ্চল । আমি আশা করি জাতীয় পর্যায়ে যারা অংশগ্রহণ করতে যাচ্ছেন, অবশ্যই তারা ভালো কিছু করবেন ।

অনুষ্ঠানের শেষ পর্যায়ে বিজয়ী প্রতিযোগীগন প্রধান অতিথির কাছ থেকে পুরস্কার গ্রহণ করেন এবং অনুষ্ঠানটি সঞ্চালনার দায়িত্বে ছিলেন সহকারী শিক্ষা অফিসার মোহাম্মদ জাহিদুর রহমান ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর (পিআইডি)
আঞ্চলিক তথ্য অফিস, ময়মনসিংহ
সংবাদকক্ষ ঃ ০২-৯৯৬৬৬১৩৬৮, E-mail: pidmymensingh@gmail.com, Facebook: PID MYMENSINGH, Website: pid.mymensinghdiv.gov.bd

| | | | | |
|---|---|---|---|---|
| সংবাদপত্রের নাম: | : দৈনিক দেশের খবর | | সংবাদ | : |
| প্রকাশনার স্থান | : ময়মনসিংহ | | সম্পাদকীয় | : |
| তারিখ | : ০৫.০৩.২০২৪খ্রি. | | প্রবন্ধ/চিঠিপত্র | : |

# বিভাগীয় পর্যায়ে ময়মনসিংহে আন্তঃ পিটিআই সাংস্কৃতিক প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণ



স্টাফ রিপোর্টার ঃ ময়মনসিংহে বিভাগীয় পর্যায়ে আন্তঃ পিটিআই সাংস্কৃতিক প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়। এ সময়ে ময়মনসিংহ বিভাগের ৪ জেলা পিটিআই এর, বিভিন্ন ক্যাটাগরিতে সাংস্কৃতিক প্রতিযোগিতায় অংশগ্রহণকারী ৩৮ জন প্রতিযোগীর মধ্যে পুরস্কার বিতরণ করা হয়। পুরস্কারপ্রাপ্ত প্রতিযোগীদের মধ্য থেকে ১০ জন প্রতিযোগী জাতীয় পর্যায়ে অংশগ্রহণ করবেন।

সোমবার (৪ মার্চ) বিভাগীয় উপপরিচালক কার্যালয়, প্রাথমিক শিক্ষা, ময়মনসিংহ বিভাগ এর আয়োজনে ময়মনসিংহ পিটিআই এর সম্মেলন কক্ষে এ সাংস্কৃতিক প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়।

ময়মনসিংহ বিভাগ, প্রাথমিক শিক্ষা, বিভাগীয় উপপরিচালক মোহাম্মদ আলী রেজা এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি এর মহাপরিচালক ফরিদ আহমদ। এছাড়াও বিভাগীয় প্রাথমিক শিক্ষা এর সহকারী পরিচালক তাহমিনা খাতুন, ময়মনসিংহ পিটিআই সুপারিনটেনডেন্ট জাহানারা খাতুন, জামালপুর পিটিআই সুপারিনটেনডেন্ট হোসনেয়ারা বেগম, নেত্রকোনা পিটিআই সুপারিনটেনডেন্ট মোহাম্মদ শাহজাহান কবীর, শেরপুর পিটিআই সুপারিনটেনডেন্ট লিপিকা মজুমদারসহ ৪ জেলার পিটিআই প্রশিক্ষণার্থী সহকারী শিক্ষকবৃন্দগন এ সাংস্কৃতিক ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

বিভাগীয় উপপরিচালক মোহাম্মদ আলী রেজা বলেন, প্রতিযোগিতায় অংশগ্রহণ করা প্রত্যেক প্রতিযোগী কোন না কোন প্রতিভার অধিকারী। (শেষ পাতায়)

## বিভাগীয় পর্যায়ে ময়মনসিংহে

(১ম পাতার পর) আপনাদের এ প্রতিভা নিজেদের কর্মক্ষেত্রে এগিয়ে নিয়ে যেতে সাহায্য করবে। এখান থেকে যারা জাতীয় পর্যায়ে যাবেন, জাতীয় পর্যায়েও এ বিভাগের সম্মান ধরে রাখবেন বলে আশা ব্যক্ত করেন।

জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমী এর মহাপরিচালক ফরিদ আহমদ বলেন, প্রাথমিক বিদ্যালয় পর্যায়ে শিক্ষার্থীদের পড়াশোনা করানো অনেক কঠিন কাজ। তবে এই কঠিন কাজটি আপনারা খুব ধৈর্যের সাথে পালন করে যাচ্ছেন।

প্রতিযোগীদের উদ্দেশ্যে তিনি আরো বলেন, ময়মনসিংহ একটি ইতিহাস ও ঐতিহ্যের অঞ্চল। আমি আশা করি জাতীয় পর্যায়ে যারা অংশগ্রহণ করতে যাচ্ছেন, অবশ্যই তারা ভালো কিছু করবেন।

অনুষ্ঠানের শেষ পর্যায়ে বিজয়ী প্রতিযোগীগন প্রধান অতিথির কাছ থেকে পুরস্কার গ্রহণ করেন এবং অনুষ্ঠানটি সঞ্চালনার দায়িত্বে ছিলেন সহকারী শিক্ষা অফিসার মোহাম্মদ জাহিদুর রহমান।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর (পিআইডি)
আঞ্চলিক তথ্য অফিস, ময়মনসিংহ
সংবাদকক্ষ ঃ ০২-৯৯৬৬৬১৩৬৮, E-mail: pidmymensingh@gmail.com, Facebook: PID MYMENSINGH, Website: pid.mymensinghdiv.gov.bd

সংবাদপত্রের নাম: : দৈনিক স্বজন
প্রকাশনার স্থান : ময়মনসিংহ
তারিখ : ০৫.০৩.২০২৪খ্রি.

সংবাদ
সম্পাদকীয়
প্রবন্ধ/চিঠিপত্র

# তারাকান্দায় চাঁদা দিতে রাজি না হওয়ায় বাড়ি ঘরে হামলা, মালিক কে পিঠিয়ে জখম



রফিক রিশ্বাস, নিজস্ব প্রতিবেদক, তারাকান্দা ঃ ময়মনসিংহের তারাকান্দায় চাঁদা না দেওয়া বাড়ি ঘরে হামলা,এক জন কে পিঠিয়ে জখমের আভিযোগ পাওয়া গেছে,জানা গেছে,উপজেলার রামপুর ইউনিয়নে সাদুলাপুর গ্রামের সৌদি ফেরত যুবক মোঃ সাইফুল আলম(৩৫)নিজ বাড়িতে তিন তলা বিল্ডিং নির্মানের কাজ করিয়া আসিতে থাকে।গত শুক্রবার ওই বিল্ডিংয়ে রাজ মিস্ত্রিরা কাজ করিতে থাকে।ওই দিন বেলা ১১ টায় একই গ্রামের তোতা মিয় ও তার দলবল নির্মানাধীন বাড়ি মালিক সাইফুল আলমের নিকট ১০ লাখ টাকা চাঁদা দাবি করে। দাবিকৃত চাঁদা দিতে অস্বীকার করায় তর্কাতর্কির এক পর্যায়ে তোতা মিয়া ও তার দলবল দেশীয় অস্ত্র তর্কাতর্কির এক পর্যায়ে বাড়ির মালিক সাইফুল আলম কে পিটিয়ে গুরুতর রক্তাক্ত জখম করে। ডাকচিৎকারে আশেপাশে লোকজন আসিলে চাঁদাবাজরা পালিয়ে যায়। স্থানীয়রা গুরুতর আহত সাইফুল আলমকে জরুরি

(২য় পাতায় ৭ম কলাম দেখুন)

## তারাকান্দায় চাদা দিতে রাজি

(১ম পাতার পর) চিকিৎসার জন্য ময়মনসিংহ মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করে। এ ব্যাপারে সাইফুল আলমের পিতা ফয়েজ উদ্দিন বাদী হয়ে তোতা মিয়াসহ ১০জনের বিরুদ্ধে তারাকান্দা থানা গত শনিবার মামলা দায়ের করে। মামলা নং ০২(৩)২০২৪ইং ধারা ১৪৩/৪৪৭/৪৪৮/৩২৩/৩২৫/৩২৬/৩০৭/৩৮০/৩৮৫/৫০৬।। দঃবিঃ। তারাকান্দা থানার অফিসার ইনচার্জ মোঃ ওয়াজেদ আলী জানান, মামলাটি তদন্তাধীন রয়েছে। আসামি গ্রেপ্তারে পুলিশ অভিযান চালিয়ে যাচ্ছে।